

**তৃণমূল পর্যায়ে কবি-সাহিত্যিকদের সাহিত্যকর্ম জাতীয় পর্যায়ে জনসম্মুখে তুলে ধরার লক্ষ্যে সাহিত্য মেলা ও
সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন সংক্রান্ত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।**

সভাপতি : খালিদ মেহেদী হাসান, পিএএ, জেলা প্রশাসক, নওগাঁ।

তারিখ : ১৩/১১/২০২২ খ্রিঃ।

সময় : বিকাল ০৩.০০ টা।

সভার স্থান : জেলা প্রশাসক, নওগাঁ এর সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা: পরিশিষ্ট - 'ক' দ্রষ্টব্য।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), নওগাঁ সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, অনুষ্ঠান শাখার জেলা পর্যায়ে সাহিত্য মেলা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন সংক্রান্ত পত্রটি সভায় পাঠ করেন এবং এ সংক্রান্ত নির্দেশনা সকলকে অবহিত করেন। তিনি তৃণমূল পর্যায়ে কবি-সাহিত্যিকদের সাহিত্যকর্ম জাতীয় পর্যায়ে জনসম্মুখে তুলে ধরার লক্ষ্যে জেলা পর্যায়ে সাহিত্য মেলা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন সংক্রান্ত প্রস্তুতিমূলক সভায় নওগাঁ জেলায় কর্মসূচি প্রণয়ন ও প্রণীত কর্মসূচি সফল করার জন্য সকলের ঐকান্তিক সহযোগিতা কামনা করেন।

০২. সভায় উপস্থিত সুধিজনের মধ্যে বিস্তারিত আলোচনা করা হয় এবং সর্বসম্মতিক্রমে নওগাঁ জেলায় সাহিত্য মেলা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের লক্ষ্যে নিম্নরূপ অনুষ্ঠানসূচি প্রণয়ন করা হয়:

| ক্রমিক নং | আলোচ্যসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|-----------|-----------------------|--|---------------------|
| ০১ | মেলার ভেন্যু নির্ধারণ | জিলা ক্লু মাঠ, নওগাঁ | আয়োজক কমিটি |
| ০২ | মেলার তারিখ নির্ধারণ | আগামী ২০ ও ২১ ডিসেম্বর ২০২২ তারিখ জেলা পর্যায়ে সাহিত্য মেলা অনুষ্ঠিত হবে | আয়োজক কমিটি |
| ০৩ | উদ্বোধনী অনুষ্ঠান | আগামী ২০ ডিসেম্বর ২০২২ তারিখ সকাল ৯.০০ টা | আয়োজক কমিটি |
| ০৪ | প্রবন্ধ পাঠ ও আলোচনা | প্রবন্ধকার ও আলোচক নির্ধারণের জন্য ৫(পাঁচ) সদস্য বিশিষ্ট প্রবন্ধকার ও আলোচক নির্ধারণ উপ-কমিটি গঠন করা হয়। গঠিত কমিটি নির্ধারিত ০৩টি বিষয়ের উপর প্রবন্ধ লেখার জন্য প্রাবন্ধিক ও আলোচক ১৯ নভেম্বর, ২০২২ তারিখের মধ্যে নির্ধারণ করে অবহিত করবে। তারিখ- ২০ ডিসেম্বর ২০২২ | সংশ্লিষ্ট উপ- কমিটি |
| ০৫ | লেখক কর্মশালা | ৩০ নভেম্বর ২০২২ তারিখ পর্যন্ত নির্ধারিত ফরমে স্থানীয় লেখক, সাহিত্যিকগণ নিবন্ধন করবেন। লেখক কর্মশালার জন্য জনাব মোঃ রবিউল করিম, কথাসাহিত্যিক, নওগাঁ ও তামিম মাহমুদ সিদিক, সহকারী অধ্যাপক, নওগাঁ সরকারি কলেজ-কে প্রশিক্ষক হিসেবে মনোনীত করা হয়। তারিখ- ২০ ডিসেম্বর ২০২২ সময়সীমা দুপুর ২.৩০ মি. থেকে ৪.৩০ মিনিট। | আয়োজক কমিটি |

| | | | |
|----|---------------------|--|--------------------|
| ০৬ | স্বরচিত সাহিত্যপাঠ | প্রায় ১০০ জন নিবন্ধনকৃত স্থানীয় কবি-সাহিত্যিক তাদের স্বরচিত সাহিত্য পাঠ করে শোনাবেন (প্রত্যেকে অনধিক ৩মি.)। কবি-সাহিত্যিক এবং তাদের লেখা মনোনয়নের জন্য জন্য ৫(পাঁচ) সদস্য বিশিষ্ট স্বরচিত সাহিত্যপাঠ সম্পর্কিত উপ-কমিটি গঠন করা হলো। তারিখ- ২১ ডিসেম্বর ২০২২ সময়সীমা সকাল ১০.০০ টা থেকে ৪টা পর্যন্ত। | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| ০৭ | সাংস্কৃতিক অনুষ্ঠান | আগামী ২০ ও ২১ ডিসেম্বর ২০২২ তারিখ ২(দুই) দিন বিকাল ৫.০০টা হতে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের জন্য ৫(পাঁচ) সদস্য বিশিষ্ট সাংস্কৃতিক অনুষ্ঠান উপ-কমিটি গঠন করা হলো। | সংশ্লিষ্ট উপ-কমিটি |

০৩. অতঃপর জেলা পর্যায়ে সাহিত্য মেলা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের লক্ষ্যে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ উপ-কমিটিসমূহ গঠন করা হল :

(ক) প্রবন্ধকার ও আলোচক নির্ধারণ উপ-কমিটি:

| | | |
|----|-------------------------|---------|
| ১. | আতাউল হক সিদ্দিকী | আহবায়ক |
| ২. | মোঃ রবিউল করিম | সদস্য |
| ৩. | ড. শামছুল আলম | সদস্য |
| ৪, | রবু শেঠ | সদস্য |
| ৫. | মোস্তফা-আল-মেহমুদ রাসেল | সদস্য |

(খ) স্বরচিত সাহিত্যপাঠ সম্পর্কিত উপ-কমিটি:

| | | |
|----|----------------------------|---------|
| ১. | প্রফেসর মীর আব্দুর রাজ্জাক | আহবায়ক |
| ২. | অনিন্দ্য তুহিন | সদস্য |
| ৩. | তানিয়া খন্দকার | সদস্য |
| ৪, | মাগফুরুল হাসান বিদ্যুৎ | সদস্য |
| ৫. | আব্দুল্লাহ আল রাফি সরোজ | সদস্য |

(গ) ষ্টেল বরাদ্দ উপ-কমিটি:

| | | |
|---|--|---------|
| ১ | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), নওগাঁ | আহবায়ক |
| ২ | নেজারত ডেপুটি কালেক্টর, নওগাঁ | সদস্য |
| ৩ | সহকারী কমিশনার, শিক্ষা ও কল্যাণ শাখা | সদস্য |

সাংস্কৃতিক অনুষ্ঠান উপ-কমিটি:

| | | |
|----|--|---------|
| ১. | অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), নওগাঁ | আহবায়ক |
| ২. | জেলা কালচারাল অফিসার, জেলা শিল্পকলা একাডেমি, নওগাঁ | সদস্য |

| | | |
|----|--|-------|
| ৩. | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, নওগাঁ | সদস্য |
| ৪, | সভাপতি/সাধারণ সম্পাদক, জাতীয় রবীন্দ্র সঙ্গীত পরিষদ, নওগাঁ | সদস্য |
| ৫. | সভাপতি/সাধারণ সম্পাদক, একুশে পরিষদ, নওগাঁ | সদস্য |

০৪. অনুষ্ঠানটি সুষ্ঠু ও সুন্দরভাবে উদ্ঘাপনের লক্ষ্যে প্রত্যেক উপ-কমিটির আহবায়ক স্ব উপ-কমিটির সদস্যগণের সাথে আলোচনা করে কর্মপরিকল্পনা তৈরি করবেন।

০৫. অনুষ্ঠানটি সুন্দরভাবে উদ্ঘাপনের জন্য যে সকল প্রস্তুতি গ্রহণ করা প্রয়োজন সে সকল বিষয়ে সভায় আলোচনা হয়। আলোচনামতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক. সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত ফরমে ৩০ নভেম্বর ২০২২ তারিখের মধ্যে লেখক-কর্মশালার জন্য নাম নিবন্ধনের সিদ্ধান্ত গৃহীত হয়। নির্ধারিত ফরম ওয়েবসাইট হতে ডাউনলোড করা যাবে এবং জেলা কালচারাল অফিসার, নওগাঁর নিকট হতে সংগ্রহ করা যাবে। নিবন্ধনকৃত লেখকদের পূরণকৃত ফরমের হার্ডকপি জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁর শিক্ষা ও কল্যাণ শাখায় জমা দিতে হবে।

খ. অনুষ্ঠানস্থলে আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ ও নিশ্চিন্দ্র নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার জন্য পুলিশ সুপার, নওগাঁকে বিশেষভাবে অনুরোধ জানানো হয়।

গ. জেলায় সাহিত্য মেলা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের লক্ষ্যে নওগাঁ জিলা স্কুল মাঠে তৈরি মঞ্চটি ব্যবহারের উপযোগী করার জন্য নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, নওগাঁ ও নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নওগাঁকে পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানানো হয়। উপজেলা নির্বাহী অফিসার, নওগাঁ সদর, নওগাঁ বিষয়টি তত্ত্বাবধান করবেন।

ঘ. জেলায় সাহিত্য মেলা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচি ব্যাপকভাবে প্রচার ও অনুষ্ঠানে প্রয়োজনীয় সংখ্যক মাউথপিসসহ ইকুইপমেন্ট সরবরাহের ব্যবস্থা গ্রহণের জন্য উপপরিচালক, জেলা তথ্য অফিস, নওগাঁ-কে অনুরোধ জানানো হয়।

ঙ. সাহিত্য মেলা ও সাংস্কৃতিক অনুষ্ঠান চলাকালীন নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ, মেসকো লিমিটেড, নওগাঁকে অনুরোধ করা হয়। কোন বিশেষ কারণে বিদ্যুৎ বিভাগ হলে অনুষ্ঠান যাতে বিহ্বিত না হয়, সেজন্য জেনারেটর প্রস্তুত রাখার ব্যবস্থা গ্রহণের জন্য নেজারত ডেপুটি কালেক্টর, নওগাঁকে অনুরোধ করা হয়।

চ. অনুষ্ঠান স্থলে পর্যাপ্ত আসন এবং সাময়িকানার ব্যবস্থা গ্রহণের জন্য নেজারত ডেপুটি কালেক্টর, নওগাঁ-কে অনুরোধ করা হয়।

ছ. অনুষ্ঠানের আগের দিন পূর্বাহ্নে অনুষ্ঠানস্থল পানি দ্বারা ভিজানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, নওগাঁকে অনুরোধ করা হয়।

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে এবং জেলা পর্যায়ে সাহিত্য মেলা ও সাংস্কৃতিক অনুষ্ঠানটি সুষ্ঠু, সুন্দর ও সাফল্যমন্ডিত করার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

খালিদ মেহেদী হাসান, পিএএ

জেলা প্রশাসক

নওগাঁ

ফোন: +৮৮-০২৫৮৮৮৮০০০

e-mail: dcnaogaon@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ
(শিক্ষা ও কল্যাণ শাখা)

স্মারক নম্বর : ০৫.৪৩.৬৪০০.১১৬.০৬.০০৯.২২- ২৯৫

তারিখ : ১৬/১১/২০২২ খ্রি:

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :


০১।

.....

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

০১।

.....


MD. IFTAKHARUL ISLAM SHAMIM
১৬/১১/২০২২

মোঃ ইফতেখারুল ইসলাম শামীম
সহকারী কমিশনার
শিক্ষা ও কল্যাণ শাখা
ফোন: +৮৮-০২৫৮৮৮৮৪০২০
e-mail: acedunaogaon@gmail.com